

**নিয়োগ বিজ্ঞপ্তি**

মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (মুক্তিযোদ্ধা কোটা) ১১০০০-২৬৫৯০/-	মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে বয়সসীমা ১৮-৩০ বছর।	০৫ (পাঁচ)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ; খ) সীটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; গ) কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ; ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং	নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, শেরপুর, নেত্রকোনা, টাঙ্গাইল, সুনামগঞ্জ, নাটোর, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সিরাজগঞ্জ, মেহেরপুর, পটুয়াখালী ও বরগুনা।
২.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৮-৩০ বছর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	০৩ (তিন)	ঙ) কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৩.	কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	১৮-৩০ বছর।	০২ (দুই)	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)। বিভাগীয় ভাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসাবে ২ বছর চাকরির ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য। খ) কম্পিউটার অপারেটর Aptitude টেস্টে উত্তীর্ণ হতে হবে।	তবে, মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা ও পুত্র/কন্যার পুত্র/ কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৪.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	১৮-৩০ বছর। তবে, বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	০৫ (পাঁচ)	ক) স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত গ) মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি-২০ শব্দ, বাংলা-২০ শব্দ।	
৫.	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	১৮-৩০ বছর।	১৩ (তের)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	মুন্সিগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, চট্টগ্রাম, রাঙ্গামাটি, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, ঠাকুরগাঁও, লালমনিরহাট, বগুড়া, জয়পুরহাট, পাবনা, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী ও বরগুনা।  তবে, মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা ও পুত্র/কন্যার পুত্র/ কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

